

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০২০  
আগরতলা, ১ মার্চ, ২০২৪

বিধানসভা সংবাদ

**মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় রাজ্যের ৪ লক্ষ ১৫ হাজার  
পরিবারকে স্বাস্থ্য বীমার আওতায় আনা হবে : অর্থমন্ত্রী**

মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় রাজ্যের ৪ লক্ষ ১৫ হাজার পরিবারকে স্বাস্থ্য বীমার আওতায় আনা হবে। ইহা একমাত্র যোজনা যার মাধ্যমে রাজ্যের ১০০ শতাংশ মানুষ উপকৃত হবেন। গত ১৫ ফেব্রুয়ারি মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা কর্তৃক উদ্বোধনের পর ইতিমধ্যে প্রায় দেড় লক্ষাধিক নাম এই যোজনায় নথীভুক্ত করা হয়েছে। আজ ত্রিপুরা বিধানসভার চতুর্থ অধিবেশনের প্রথমদিনের দ্বিতীয় পর্বে ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায় দ্বারা আনীত ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আলোচনা করতে গিয়ে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় একথা বলেন। ধন্যবাদসূচক প্রস্তাবটি হল ‘রাজ্যবাসীর কল্যাণার্থে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা সম্প্রতি রাজ্য চালু করার পরিপ্রেক্ষিতে এই সভা রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী সহ রাজ্য মন্ত্রিসভার মাননীয় মন্ত্রীদের আন্তরিকভাবে অভিনন্দন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছে।’

ধন্যবাদসূচক প্রস্তাবটির উপর আলোচনা করতে গিয়ে ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায় বলেন, রাজ্যের সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যেও রাজ্য সরকার এই যোজনা চালু করার সিদ্ধান্ত নিয়েছে। যা রাজ্যের ইতিহাসে এক উল্লেখযোগ্য পদক্ষেপ। এছাড়াও এই ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আলোচনা করেন বিধায়ক দীপঙ্কর সেন। পরে প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

\*\*\*\*\*